

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 15-02-2025**

**Time: 7-50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) চলতি আর্থিক বছরের বাকি সময়ে রাজ্য মিড ডে মিল প্রকল্পের অধীনে পড়ুয়াদের অতিরিক্ত পুষ্টি বাবদ সপ্তাহে আরও দুটি করে ডিম বরাদ্দ করা হয়েছে।
- ২) শিক্ষাক্ষেত্রকে আরও উন্নত করবার জন্য কেন্দ্রীয় সরকার এবছরের বাজেটে বেশ কিছু উদ্যোগ নিয়েছে বলে জানিয়েছেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডষ্ট্র সুকান্ত মজুমদার।
- ৩) নদীয়া শান্তিপুর স্টেট জেনারেল হাসপাতালের ঘটনায় কর্তব্যরত চিকিৎসক তন্ময় কর-কে শোকজ করা হয়েছে।
- ৪) বিশিষ্ট সঙ্গীত শিল্পী ও গীতিকার প্রতুল মুখোপাধ্যায়ের প্রয়াণে সংস্কৃতি জগতে শোকের ছায়া।  
৮২ বছরের এই শিল্পী আজ সকালে শেষ নিশাস ত্যাগ করেন।
- ৫) দক্ষিণ ২৪ পরগনার জীবনতলায় একটি বাড়ি থেকে বিপুল পরিমাণে কার্ত্তজ উদ্বারের ঘটনায় রাজ্য পুলিশের এস টি এফ চারজনকে গ্রেফতার করেছে।
- ৬) আই এস এল ফুটবলে মোহনবাগান সুপার জায়েন্ট, কেরালা ব্লাস্টার্সের মুখোমুখি।

০০০০০০০০০০০০০০০০

চলতি আর্থিক বছর অর্থাৎ ২০২৪-২৫-এ মার্চ মাস পর্যন্ত বাকি সময়ে পশ্চিমবঙ্গে, প্রধানমন্ত্রী পোষণ বা মিড ডে মিল প্রকল্পের অধীনে ৮৫ লক্ষ ৯৩ হাজার ৭৮৩ জন পড়ুয়ার জন্য অতিরিক্ত পুষ্টি বাবদ সও্দাহে আরও দুটি করে ডিম বরাদ্দ করা হয়েছে। বর্তমানে সও্দাহিক যে একটি করে ডিম তারা পেয়ে থাকে, এগুলি হবে তার অতিরিক্ত। মোট ১১ দিন তারা এই সুবিধা পাবে। এর জন্য ছাত্রছাত্রী পিছু ৮ টাকা খরচ ধরা হয়েছে। রাজ্যে সবকটি জেলায় এটি বলবত্ত করা হবে। ডিমের পরিবর্তে মরশুমি ফল দেওয়ারও ব্যবস্থা রাখা হয়েছে। শিক্ষা দফতরের পক্ষ থেকে এক নির্দেশিকায় সব জেলাশাসকদের ৩১-শে মার্চের মধ্যে এই ব্যবস্থা কার্যকর করতে বলা হয়েছে। এজন্য রাজ্যে খরচ হবে আরও ৭৫ কোটি ৬২ লক্ষ ৫৩ হাজার টাকা।

এদিকে, বর্তমান বাজার মূল্যে শিক্ষার্থীদের ন্যূনতম পুষ্টিগুণ সম্পর্ক খাদ্য সরবরাহের স্বার্থে শুধুমাত্র ১১ দিন নয়, প্রতিদিনই প্রাথমিকে ২০ টাকা এবং উচ্চ প্রাথমিকে মিড ডে মিলের জন্য ২৫ টাকা করে বরাদ্দের দাবি জানিয়েছে মাধ্যমিক শিক্ষক ও শিক্ষা কর্মী সমিতি এসটিইএ।

অন্যদিকে, শিক্ষানুরাগী ঐক্য মঞ্চ এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে। মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেন, এই উদ্যোগ ছাত্র ছাত্রীদের পুষ্টির ক্ষেত্রে সহায়ক হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

শিক্ষাক্ষেত্রকে আরও উন্নত করবার জন্য কেন্দ্রীয় সরকার এবছরের বাজেটে বেশ কিছু উদ্যোগ নিয়েছে বলে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডষ্টের সুকান্ত মজুমদার। তিনি আজ নদীয়ার মায়াপুর ইনসিটিউটের ২৫ বছর পূর্তি উপলক্ষে এক অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন। শ্রী মজুমদার জানান, প্রতিটি হাইস্কুলকে ব্রডব্যান্ডের মাধ্যমে সংযুক্ত করা

হবে। এরাজ্যের সরকারী স্কুলগুলিও এর আওতাভূক্ত হবে। বাংলা ভাষাকে নিয়ে গবেষণার জন্য বাজেটে অর্থ বরাদ্দ করা হয়েছে বলেও তিনি উল্লেখ করেন।

### (বাইট - সুকান্ত)

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন রানাঘাটের সাংসদ জগন্নাথ সরকার।

পরে বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ নদীয়ার শান্তিপুরে দলের পঞ্চায়েত সমিতির সদস্য ও পদাধিকারিদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন। স্থানীয় জনঞ্চন কেন্দ্রে দলীয় সভাতেও বক্তব্য রাখেন তিনি। পরে ঘুরে দেখেন, পঞ্চায়েত সমিতির ভবন এবং এমাসের ১৩ তারিখ যেখানে দুষ্কৃতি হামলা চালানো হয়েছিল, ঘুরে দেখেন সেই জায়গাও। পরে পঞ্চায়েত সমিতির সহ সভাপতি নতুন নেমপ্লেট ও জাতীয় পতাকাও তুলে দেন তিনি। পঞ্চায়েত সমিতির সহ-সভাপতির যে নেমপ্লেট খুলে ফেলা হয়েছিল, তা আবার লাগানো হয় তাঁর ও সাংসদ জগন্নাথ সরকারের উপস্থিতিতে। ওই পঞ্চায়েত সমিতিতে হামলার প্রতিবাদে আগামী দিনে বিডিও অফিস ঘেরাও করা হবে বলেও সুকান্তবাবু জানান।

উল্লেখ্য, শান্তিপুর পঞ্চায়েত সমিতিতে ওই হামলার ঘটনায় শুরু রাজনৈতিক চাপান উত্তোর। তৃণমূল কংগ্রেস এই ঘটনায় জড়িত বলে বিজেপি দাবি করলেও শাসক দল তা খারিজ করে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০

জলপাইগুড়ি জেলার ৫ টি স্টেশনকে অন্ত ভারত প্রকল্পের আওতায় আনা হচ্ছে। জলপাইগুড়ির সাংসদ জয়ন্ত কুমার রায় একথা জানিয়ে বলেন, এই প্রকল্পের অধীন নিউ ময়নাগুড়ি ও বানারহাট স্টেশনকেও আধুনিক করে তোলার পরিকল্পনা রয়েছে। সাংসদ আরও জানান, উত্তরবঙ্গ থেকে কলকাতা পর্যন্ত নতুন ট্রেন চালু করা হবে। এব্যাপারে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের সঙ্গে তার কথা হয়েছে। জলপাইগুড়ি রোড স্টেশন থেকে হাওড়া বা শিয়ালদার মধ্যে এই ট্রেন চলাচল করবে বলেও জয়ন্তবাবু

জানিয়েছেন। এরফলে উত্তরবঙ্গের সঙ্গে দক্ষিণবঙ্গের যোগাযোগ আরও বাড়বে। ব্যবসা-বাণিজ্য এবং শিক্ষার সুযোগও প্রসারিত হবে।

(বাইট - জয়ন্ত রায়)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়া শান্তিপুর স্টেট জেনারেল হাসপাতালে অসুস্থ শিশু কন্যার বমি পরিষ্কার করতে বাবাকে বাধ্য করায় কর্তব্যরত চিকিৎসক তন্ময় কর-কে শোকজ করা হয়েছে। হাসপাতাল সুপার তারক বর্মন তাঁকে কারণ দর্শনোর নোটিশ জারি করেছেন। যদিও ডাক্তার কর আজ হাসপাতালে আসেননি।

এদিকে, স্বাস্থ্য দফতরকে ওই বমি পরিষ্কারের ঘটনায় রিপোর্ট দেওয়া হয়েছে বলে জেলা স্বাস্থ্য আধিকারিক জ্যোতিষ চন্দ্র দাস জানিয়েছেন।

উল্লেখ্য, সম্প্রতি হরিপুরের বাসিন্দা সমীর শীল পাঁচ বছরের শিশু কন্যাকে ওই হাসপাতালে চিকিৎসা করাতে নিয়ে গেলে, সে এমার্জেন্সিতেই বমি করে ফেলে। তা পরিষ্কার করা রোগীর পরিবারে কর্তব্য বলে জানান চিকিৎসক। তার পরেই ওই বমি সমীরবাবু পরিষ্কার করেত বাধ্য হন। এই নিয়ে ব্যাপক চাপান উত্তোর শুরু হয়।

অন্যদিকে, হাসপাতালে মেয়াদ উত্তীর্ণ ঔষধ দেওয়ার নতুন অভিযোগও উঠেছে।

সমাজ মাধ্যমে ওঠা এই অভিযোগ খতিয়ে দেখা হচ্ছে বলে হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বিশিষ্ট সঙ্গীত শিল্পী ও গীতিকার প্রতুল মুখোপাধ্যায়ের প্রয়াণে সংস্কৃতি জগতে শোকের ছায়া। দীর্ঘ রোগভোগের পর আজ সকালে কলকাতার এস এস কে এম

হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। বয়স হয়েছিল ৮২ বছর। দুপুরে রবীন্দ্র সদনে জনগণের শ্রদ্ধা নিবেদনের জন্য শায়িত রাখা হয় প্রয়াত ওই শিল্পীর মরদেহ। সেখানে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সহ বহু বিশিষ্ট ব্যক্তি শ্রদ্ধা জানান। দেওয়া হয় গান স্যালুট। শ্রী মুখোপাধ্যায়ের দেহ দানের অঙ্গীকার থাকায় চিকিৎসা বিজ্ঞানের উন্নয়নকল্পে তা নিয়ে যাওয়া হয়েছে এস কে এম হাসপাতালে।

প্রয়াত শিল্পীর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন, রাজ্যপাল সি ভি আনন্দ বোস, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষর সরকার প্রমুখ। ইস্টবেঙ্গল ক্লাবের আজীবন সদস্য প্রতুলবাবুর মরদেহ লাল-হলুদ পতাকায় আবৃত করা হয়। ক্লাবের পক্ষ থেকে পুষ্পার্ঘ্য অর্পন করে শ্রদ্ধা জানানো হয়েছে।

### একটি প্রতিবেদন-

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

০০০০০০০০০০০০০০০০

তথ্য ও সম্প্রচার মন্ত্রক এবং বাংলা আবার - এর যৌথ উদ্যোগে কলকাতার সত্যজিৎ রায় ফিল্ম এ্যান্ড টেলিভিশন ইনসিটিউটে তৃতীয় Bengal International Film Festival সূচনা হয়েছে।

চলচ্চিত্রের সর্বোচ্চ সম্মান দাদাসাহেব ফালকে পুরস্কার প্রাপক চোদজন কৃতি বাঙালী ও শতবর্ষ উত্তীর্ণ রাজ কাপুর ও তপন সিংহকে নিয়ে দুটি তথ্যচিত্র উৎসবের গুরুত্বেই প্রদর্শিত হয়।

এবছরের জীবন কৃতি সম্মান পেয়েছেন স্বপন সাহা। আর্থিক অনুদান তুলে দেওয়া হয় বাংলা চলচ্চিত্রের কিছু দুষ্ট কলাকুশলীর হাতে।

চারদিনের এই উৎসবে দেখানো হবে স্বতন্ত্রীর সাভারকার, সবরমতী রিপোর্ট, জুঁই ফুল, আদর প্রভৃতি দেশ বিদেশের বেশ কিছু ছবি, ছোট ছবি। থাকছে ফিল্ম আলোচনা ও আড়ত।

০০০০০০০০০০০০০০০০

উত্তর কলকাতার গৌড়ীয় মিশনের উদ্যোগে আজ শ্রীচৈতন্য উৎসব ও মেলার সূচনা হলো। সূচনা করেন বাগবাজার গৌড়ীয় মিশনের অধ্যক্ষ শ্রীমৎ স্বামী ভক্তি সুন্দর সন্ন্যাসী গোস্বামী মহারাজ। বাগবাজার গৌড়ীয় মিশনের উদ্যোগে বাগবাজার সার্বজনীন দুর্গোৎসব মাঠে শ্রীচৈতন্য মহাপ্রভুর ৫৩৯ তম আবির্ভাব দিবস উপলক্ষে আজ থেকে ১৯ ফেব্রুয়ারি পর্যন্ত ৫ দিনব্যাপী শ্রী চৈতন্য জন্মোৎসব ও মেলার আয়োজন করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার জীবনতলায় একটি বাড়ি থেকে বিপুল পরিমাণে কার্তুজ উদ্ধারের ঘটনায় রাজ্য পুলিশের এস টি এফ চারজনকে গ্রেফতার করেছে। ধূতদের আজ আলিপুর আদালতে তোলা হলে ৭ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়। এরা বে-আইনী অস্ত্র কারবারের সঙ্গে জড়িত, নাকি নিজেরাই অস্ত্র কারবারি, পুলিশ তা খতিয়ে দেখছে।

উল্লেখ্য, গোপন খবরের ভিত্তিতে এস টি এফ, গতরাতে আবু তালেব মোল্লা নামে এক ব্যক্তির বাড়িতে অভিযান চালিয়ে ১৯৯ রাউণ্ড কার্তুজ উদ্ধার করে। এছাড়াও একটি ১২ বোরের একটি ডাবল ব্যারেল বন্দুক। গ্রেফতার করা হয়, আবু তালেব সহ মোট ৪ জনকে। বাকিরা হল কলকাতার একটি কার্তুজ বিপন্ন দোকানের কর্মচারী নদীয়ার বাসিন্দা জয়ন্ত দত্ত, হাসনাবাদারে আসিফ ইকবাল গাজি ও হাজি রসিদ মোল্লা। এস টি

এফ সূত্রে জানা গেছে, বিবাদী বাগের যে দোকানের কর্মী গ্রেফতার হয়েছে, সেই দোকানটিতেও তল্লাশি চালানো হচ্ছে। জেরা করা হচ্ছে দোকান মালিক ও কর্মীদের।

এস টি এফ সূত্রে জানা গেছে, লাইসেন্স প্রাপ্তি বৈধ গুলি-বন্দুকের দোকান থেকে কিভাবে অপরাধীদের হাতে বে-আইনীভাবে তা পৌঁছে যাচ্ছে, তা তারা খতিয়ে দেখছেন।

০০০০০০০০০০০০০০০০

বীরভূমের লোকপুরে বোমা বিস্ফোরণে বাড়ির ছাদ উড়ে যাওয়ার ঘটনায় দোষী সাব্যস্ত তৃণমূল কংগ্রেস নেতাকে ১০ বছরের কারাদণ্ড দিয়েছে এন আই এ আদালত। সেই সঙ্গে ১০ হাজার টাকা জরিমানাও ধার্য করা হয়েছে। প্রায় সাড়ে পাঁচ বছর আগের ওই ঘটনায় এন আই এ আদালতের বিচারক শুভেন্দু সাহা আজ ওই সাজা ঘোষণা করেন। বাবলু মন্ডল নামে ওই তৃণমূল কংগ্রেস নেতা ছাড়াও তার দুই ছেলে নিরঞ্জন ও মৃত্যুঞ্জয়কেও কারাদণ্ডে দণ্ডিত করা হয়েছে।

উল্লেখ্য, ২০১৯-এর বিশে সেপ্টেম্বর লোকপুর থানার গাংপুর গ্রামে বাবলু মন্ডলের বাড়িতে ওই বিস্ফোরণে বাড়ির ঢালা উড়ে যায়।

০০০০০০০০০০০০০০০০

কোচবিহারের মাথাভাঙ্গা দু নম্বর ব্লকের কুইডাঙ্গা গ্রাম পথগায়েতের আটপুরুরি ডাওয়া গুড়ি এলাকায় আজ সকালে দুটো বাইসন ঢুকে পড়লে এলাকায় আতঙ্ক ছড়ায়। খবর দেওয়া হয় পুলিশ ও বন্দফতরের কর্মীরা ঘুমপাড়ানি গুলি ছুড়ে বাইসন দুটিকে কাবু করতে গেলে একটি মারা যায়। অন্যটিকে পাতলাখাওয়া জঙ্গলে ছেড়ে দেওয়া হয়েছে বলে আমাদের সংবাদদাতা জানাচ্ছেন।

মৃত বাইসনটির দেহ ময়না তদন্তে পাঠানো হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০

হাওড়ার বাগনান এলাকায় কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় দৌড় শেষে অসুস্থ হয়ে এক ছাত্রের মৃত্যু হয়েছে। রূপম শী নামে বছর ২০-র ওই যুবকের বাড়ি বাঁটুল গ্রামে। শ্যামপুর সিন্দেশ্বৰী মহাবিদ্যালয়ে জুওলজি বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র ছিলেন তিনি। আজ ক্রীড়া প্রতিযোগিতায় দু-শো মিটার দৌড় শেষে আচমকা অঙ্গান হয়ে যায় রূপম। সহপাঠীরা জ্ঞান ফেরানোর চেষ্টা করলেও ব্যর্থ হয়। অশঙ্কাজনক অবস্থায় তাকে স্থানীয় স্থান্ত্র কেন্দ্রে নিয়ে যাওয়া হলে মৃত ঘোষণা করেন চিকিৎসক। এই ঘটনায় কলেজে শোকের ছায়া নেমে এসেছে। বন্ধ করে দেওয়া হয় ক্রীড়া প্রতিযোগিতা। রূপমের দেহ ময়না তদন্তের জন্য উলুবেড়িয়া মেডিকেল কলেজে পাঠানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০

আইএসএল ফুটবলে আজ মোহনবাগান সুপারজায়ান্ট কোচির জওহরলাল নেহেরু স্টেডিয়ামে কেরালা ব্লাস্টার্সের মুখোমুখি।

উল্লেখ্য, মোহনবাগান ২০ ম্যাচে ৪৬ পয়েন্ট সংগ্রহ করে লিগ তালিকার শীর্ষে রয়েছে। দ্বিতীয় স্থানে থাকা এফসি গোয়ার থেকে মোহনবাগান সাত পয়েন্টে এগিয়ে। আগামীকালের ম্যাচ জিতলে লিগশিল্ড জয়ের পথে আরো এক ধাপ এগিয়ে যাবে সবুজ মেরুন। ১৯ ম্যাচে ২৪ পয়েন্ট সংগ্রহ করে কেরালা রয়েছে অষ্টম স্থানে।

০০০০০০০০০০০০০০০

মোহনবাগান ক্লাবের কার্যকরী কমিটির বৈঠক আজ স্থগিত রাখা হয়। ক্লাব তাঁবুতে বিকেলে বৈঠক হওয়ার কথা ছিল। মোহনবাগান ক্লাবের তরফে জানানো হয়েছে সচিব অসুস্থ হয়ে পড়ায় বৈঠক স্থগিত রাখা হয়েছে। পরবর্তী দিনক্ষণ পরে জানানো হবে। আজকের বৈঠকে নির্বাচনের দিন ঘোষণা হওয়ার কথা ছিল।

oooooooooooooooooooo